

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৫৯৬(আগরতলা-১১১০৯)
কাঞ্চনপুর, ১১ সেপ্টেম্বর, ২০১৯

ভাংমুন এ ডি সি ভিলেজে রেগায় কর্মসূচি রূপায়ণ

জম্পুইহিল ব্লকের ভাংমুন এ ডি সি ভিলেজে চলতি অর্থবছরে এম জি এন রেগায় এখন পর্যন্ত ১৪ হাজার ২১৫টি শ্রমদিবসের কাজ হয়েছে। এই প্রকল্পে ২০ লক্ষ ৫৭ হাজার ২৭৯ টাকা ব্যয়ে বিভিন্ন উন্নয়ন কর্মসূচি রূপায়ণ করা হয়েছে। অন্যদিকে, স্বচ্ছ ভারত মিশন প্রকল্পে ২০১৯-২০ অর্থবছরে এখন পর্যন্ত এই ভিলেজে ৩০টি পরিবারে বিজ্ঞানসম্মত শৌচালয় নির্মাণ করে দেওয়া হয়েছে। এছাড়া ১৬১ জন কৃষককে প্রধানমন্ত্রী কৃষি সন্মান নিধি প্রকল্পের আওতায় আনা হয়েছে। ভাংমুন এ ডি সি ভিলেজ কমিটি কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
